

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩ তলা)
৬০, আজ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা।
www.jamuka.gov.bd

নম্বর-৪৮.০২.০০০০.০০১.০০.২৮৫.১৭-

তারিখঃ মাঘ, ১৪২৪ বঃ
জানুয়ারি, ২০১৮ খ্রিঃ

প্রেরক : উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

প্রাপক : উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)

.....

.....


বিষয় : মহিলা মুক্তিযোদ্ধা (বীরাজনা) যাচাই-বাছাই প্রসঙ্গে।

সূত্র : জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের স্মারক নং-৪৮.০২.০০০০.০০১.০০.১৭৬.১৩-১৬০৫; তারিখ-০৬.০৫.২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধাদের (বীরাজনা) উপজেলা নির্বাহী কর্মকর্তার সরাসরি তত্ত্বাবধানে উপজেলায় কর্মরত শুধুমাত্র মহিলা কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করে যাচাই বাছাই কার্যক্রম পরিচালনা করতে হবে মর্মে সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়েছিল। মহিলা মুক্তিযোদ্ধা (বীরাজনা) যাচাই-বাছাইয়ের জন্য গঠিত 'বিশেষ কমিটির' মাধ্যমে মহিলা মুক্তিযোদ্ধা (বীরাজনা) যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে কোন কোন উপজেলায় কোন কোন সদস্যের শূন্যতার কারণে কোরাম পূর্ণ না হওয়ায় যাচাই-বাছাইয়ের কাজ করা যাচ্ছে না মর্মে জানা গেছে। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ৫২তম সভার সিদ্ধান্ত অনুযায়ী এরূপ সংশ্লিষ্ট উপজেলার নির্ধারিত পদে মহিলা কর্মকর্তা কর্মরত না থাকলে পার্শ্ববর্তী উপজেলায় কর্মরত মহিলা কর্মকর্তাদের নিয়ে কমিটি গঠন করতে হবে। নির্ধারিত গ্রেডের কর্মকর্তা না থাকলে নিম্নতর গ্রেডের মহিলা কর্মকর্তাদের নিয়ে কমিটি গঠন করা যাবে।

সংযুক্তি : ০৯ ফর্দ।

ধন্যবাদান্তে,



(মোঃ আতাউর রহমান)

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোনঃ ৯৩৪৬৫২৮

ই-মেইল-dd.admin@jamuka.gov.bd

নম্বর-৪৮.০২.০০০০.০০১.০০.২৮৫.১৭- ৮৮

তারিখঃ ১২ মাঘ, ১৪২৪ বঃ
২০ জানুয়ারি, ২০১৮ খ্রিঃ

অনুলিপি :

০১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। জেলা প্রশাসক (সকল).....জেলা।

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। অফিস কপি/ মাস্টার ফাইল/ ওয়েব সাইট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
১/১, ১/২, ১/৩, গজনবী রোড,
মোহাম্মদপুর, ঢাকা।

২৩

স্মারক নংঃ- ৪৮.০২.০০০০.০০১.০০.১৭৬.১৩- ১৮০৫

তারিখ : ২৩ বৈশাখ, ১৪২২ বঃ
০৬ মে, ২০১৫ খ্রিঃ

বিষয় : মহিলা মুক্তিযোদ্ধা (বীরাজনা) যাচাই-বাছাইয়ের জন্য বিশেষ কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র : জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৯তম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধাদের (বীরাজনা) বিশেষভাবে যাচাই-বাছাইয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা নির্বাহী কর্মকর্তার সরাসরি তত্ত্বাবধানে উপজেলায় কর্মরত শুধুমাত্র মহিলা কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করে এ যাচাই-বাছাই কার্যক্রম পরিচালনা করতে হবে। উল্লেখ্য যে, উপজেলা নির্বাহী কর্মকর্তা যদি মহিলা হন তবে তিনি কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। অন্যথায় সংশ্লিষ্ট উপজেলায় কর্মরত একজন প্রথম শ্রেণীর মহিলা কর্মকর্তা যিনি সহকারী কমিশনার (ভূমি) বা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত একজন মহিলা ডাক্তার বা উপজেলা শিক্ষা কর্মকর্তা বা উপজেলা সমাজসেবা কর্মকর্তা বা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে আহ্বায়ক এবং অপর দু-তিনজন মহিলা কর্মকর্তাকে সদস্য করে উপজেলা নির্বাহী কর্মকর্তার তত্ত্বাবধানে যাচাই-বাছাই কাজ সম্পন্ন করতে হবে। এছাড়াও, উপজেলায় নারী অধিকার নিয়ে কাজ করে এরূপ স্বাধীনতার স্বপক্ষের সংগঠনের নির্বাহী প্রধান মহিলা হলে তাঁকেও উক্ত কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যেতে পারে। তবে, এ যাচাই-বাছাই বিশেষ কমিটির সদস্য সংখ্যা ০৫ (পাঁচ) এর অধিক হবে না।

কমিটির কার্যপরিধি :

(ক) কমিটি সংশ্লিষ্ট উপজেলার আবেদনকারীদের (মহিলা মুক্তিযোদ্ধার) আবেদন অত্রসাথ সংযোজিত নির্ধারিত প্রশ্নমালার ভিত্তিতে যথাযথ প্রক্রিয়ায় সরেজমিন যাচাই-বাছাইয়ের মাধ্যমে সুপারিশমালা প্রণয়ন করে যথাশীঘ্র সম্ভব জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে প্রেরণ করবে।

(খ) মহিলা মুক্তিযোদ্ধা (বীরাজনা) যাচাই-বাছাই প্রক্রিয়াটি বেশ সংবেদনশীল, বিধায় যাচাই-বাছাই প্রক্রিয়াটি যথাসম্ভব সতর্কতার সঙ্গে পরিচালনা করতে হবে।

(গ) প্রয়োজনে যাচাই-বাছাই কার্যক্রমে নারী মুক্তিযোদ্ধা সদস্য বা সংশ্লিষ্ট উপজেলা কমান্ডারের সাথে পরামর্শ নেয়া যেতে পারে।



(মোঃ মাহফুজার রহমান সরকার)

মহাপরিচালক

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

মোহাম্মদপুর, ঢাকা।

ফোন : ৯১৪১৫৪৯

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও

সদস্য সচিব

উপজেলা যাচাই-বাছাই কমিটি

..... উপজেলা।

..... জেলা।